সমকাল

তারিখ 16 MAR 2016
পৃষ্ঠা ৮ কলাম ২

# বিটেকে শিক্ষক সংকট দূর করুন

বস্ত্র শিক্ষায় উচ্চতর ডিগ্রি (বিএসসি ইঞ্জিনিয়ারিং) অর্জনের লক্ষ্যে টাঙ্গাইলের কালিহাতীতে প্রতিষ্ঠিত হয় বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (বিটেক)। বর্তমানে এখানে ৪টি ব্যাচে ৩৪০ জন শিক্ষার্থী অধ্যয়ন করছে। প্রতিষ্ঠানটিতে প্রযুক্তিনির্ভর শিক্ষা দেওয়া হলেও নেই প্রযুক্তির ব্যবহার। রয়েছে শিক্ষক সংকট। ৩০ জন শিক্ষক থাকার কথা থাকলেও রয়েছেন মাত্র ৮ জন। পর্যাপ্ত শিক্ষকের অভাবে মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে শিক্ষা কার্যক্রম। প্রতিষ্ঠার ৯ বছর পার হলেও এখনও শিক্ষক সংকট কাটেনি ইঞ্জিনিয়ারিং কলেজটিতে। পর্যাপ্ত পরিমাণে ল্যাব থাকা সত্ত্বেও দক্ষ অপারেটর এবং শিক্ষকের অভাবে ল্যাবে দীর্ঘদিন ধরে টেক্সটাইল মেশিনারিজগুলো চালু করা যাচ্ছে না। বছরের বেশিরভাগ সময়ই তালাবদ্ধ থাকছে ল্যাবগুলো। ফলে পরীক্ষাগার ব্যবহার থেকে বঞ্চিত হচ্ছে শিক্ষার্থীরা। চালুর অভাবে অকেজো হওয়ার উপক্রম হচ্ছে কোটি কোটি টাকার ইঞ্জিনিয়ারিং যন্ত্রপাতিগুলো।

একটি শিক্ষা প্রতিষ্ঠানে যে পরিমাণ শিক্ষক-কর্মকর্তা থাকার কথা তার অর্ধেকও নেই বিটেকে। স্থায়ী শিক্ষক না থাকায় অতিথি শিক্ষক দিয়ে কোনোমতে চলছে পাঠদান কার্যক্রম। ফলে বিঘ্নিত হচ্ছে শিক্ষার্থীদের লেখাপড়া। পর্যাপ্ত লোকবলের অভাবে প্রতিষ্ঠানটি চলছে কচ্ছপ গতিতে। আর চলমান এমন অবস্থায় ভবিষ্যৎ জীবন নিয়ে অনিশ্চয়তায় ভুগছেন ইঞ্জিনিয়ারিং শিক্ষার্থীরা। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন, দক্ষ জনবল তৈরিতে অবিলম্বে প্রতিষ্ঠানটিতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ দিয়ে শিক্ষা কার্যক্রম স্বাভাবিক করা হোক।

**আবীর বসাক**
শিক্ষার্থী, বঙ্গবন্ধু টেক্সটাইল
ইঞ্জিনিয়ারিং কলেজ (বিটেক)
কালিহাতী, টাঙ্গাইল